



# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়ঃ বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজীরোড, রূপনগর বা/এ,  
মিরপুর-২, ঢাকা-১২১৬



স্মারকঃ পিডিবিএফ/ ইনো. টিম/ ২০১৮/৫২১৫

তারিখঃ ১৯/০৮/২০১৮ ইং

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ইনোভেশন টিমের ১৯ আগস্ট, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

১৯/০৮/২০১৮ তারিখে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ইনোভেশন টিমের সভা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পিডিবিএফ এর ইনোভেশন অফিসার জনাব মোঃ সহিদ হোসেন সেলিম। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক” তে দৃষ্টব্য।

## ২। উপস্থাপনাঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচিত বিষয়-১: পূর্বের সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

পূর্বের সভার কার্যবিবরণী নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে তা নিশ্চিতকরণ করা হয়।

আলোচিত বিষয়-২: মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।

উক্ত সভার মূল প্রতিপাদ্য বিষয় ছিল যুগোপযোগী উদ্ভাবনী ধারনার মাধ্যমে প্রাতিষ্ঠানিক পরিচালনা ব্যয় হ্রাস, উৎপাদনশীলতা বৃদ্ধি এবং হ্রাসকৃত সার্ভিস চার্জ প্রদানের মাধ্যমে পল্লী অঞ্চলের অসুবিধাগ্রস্থ জনগোষ্ঠীর জীবনমানের আধুনিকায়নের লক্ষ্য রেখে বিভিন্ন পর্যায়ে তথ্যপ্রযুক্তির প্রয়োগের বিষয়ে আলোকপাত করা হয়।

এছাড়াও ইউটিউব চ্যানেলের মাধ্যমে দারিদ্র্য জনগোষ্ঠীকে কিভাবে দারিদ্র্য বিমোচন, শিক্ষা, স্বাস্থ্য ও সচেতনমূলক শিক্ষা দেয়া যায় সেই ব্যাপারে আলোকপাত করা হয়।

উক্ত সভায় সবাই একমত প্রকাশ করেন যে, তথ্য প্রযুক্তির যথাযথ প্রয়োগ সম্ভব হলে বাংলাদেশের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে পিডিবিএফ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে।

আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. প্রধান কার্যালয়, উপ পরিচালকের কার্যালয় এবং উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয় পর্যায় পর্যন্ত বিভিন্ন ধরনের ফাইল, চিঠি ও অফিস আদেশ আদান/প্রদানের ক্ষেত্রে ই-মেইল এর ব্যবহার নিশ্চিতকরণ।
২. পিডিবিএফ এর ওয়েবসাইট এর যথাযথ আপডেট প্রক্রিয়া নিশ্চিতকরণ।
৩. মন্ত্রণালয় এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী পিডিবিএফ এর আইটি কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ।

## ০৩। বিবিধঃ

আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সহিদ হোসেন সেলিম)  
পরিচালক, মানব সম্পদ ও উন্নয়ন  
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)  
এবং  
ইনোভেশন অফিসার